গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়
খুলনা বিভাগ, খুলনা।
www.ddpekhulna.gov.bd

স্মারক নং-৩৮.০১.৪০০০.০০০.৩১.০১৫.২০- ১৭৮৫/১৪১

তারিখ ঃ ১৫ আশ্বিন, ১৪২৭ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর, ২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
দৃঃ আঃ ড. মোঃ নূরুল আমীন চৌধুরী, উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), খুলনা বিভাগ, খুলনা। মূলপত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল), খুলনা বিভাগ, খুলনা। মূলপত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৪। থানা/উপজেলা শিক্ষা অফিসার (সকল), খুলনা বিভাগ, খুলনা। মূলপত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৫। ইন্সট্রাক্টর, থানা/উপজেলা রিসোর্স সেন্টার (সকল), খুলনা বিভাগ, খুলনা। মূলপত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৬। সংরক্ষণ নথি।

(নাসরিন সুলতানা)
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
ফোনঃ ০২৪৪১১০৮১৮
ই-মেইলঃ ddkhuln@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর ০২, ঢাকা ১২১৬।
www.dpe.gov.bd

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৭ / ৩০ সেপ্টেম্বর ২০২০

স্মারক নং: ৩৮.০১.০০০০.৭০০.৯৯.০০৩.১৮- ৪৩৫/৫৮৭

বিষয়: বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা (স্লিপ) ফান্ড দ্বারা চলমান কোভিড-১৯ পরিস্থিতিতে জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় পুনরায় চালুকরণ।

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৮.০০.০০০০.০১৪.১৪.২০৯.২০-৪৬, তারিখ: ২৩ সেপ্টেম্বর ২০২০।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা (স্লিপ) প্রণয়ন ও বাস্তবায়ন গাইডলাইনের আলোকে স্ব স্ব বিদ্যালয়ে নিজস্ব পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন অব্যাহত রয়েছে। বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে উক্ত গাইডলাইনের আলোকে বিদ্যালয় পুনরায় চালু করার জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে পূর্ব প্রস্তুতিমূলক বিবিধ কার্যক্রম সম্বলিত একটি পরিপত্র জারি করা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত পরিপত্রটি স্লিপ প্রণয়ন ও বাস্তবায়ন গাইডলাইনের অংশ হিসেবে বিবেচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) পাতা।

৩০/৯/2020
(ড. মোঃ নূরুল আমিন চৌধুরী)
উপ-পরিচালক (পরি. ও উন্ন.)
ফোন: ৫৫০৭৫০৩২।

উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)
---------------------- জেলা ---------------------

অনুলিপি:

১। পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (সংযুক্ত পরিপত্রটি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।
২। বিভাগীয় উপ-পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, --------------------- বিভাগ (উক্ত পরিপত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল) ---------------- (উক্ত পরিপত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬। নথি।

**একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
পরিকল্পনা শাখা-৩
www.mopme.gov.bd

স্মারক নং ৩৮.০০.০০০০.০১৪.১৪.২০৯.২০-৪৬

তারিখ: ০৮ আশ্বিন ১৪২৭ / ২৩ সেপ্টেম্বর ২০২০

## পরিপত্র

**বিষয়: বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা (স্লিপ) ফান্ড দ্বারা চলমান কোভিড-১৯ পরিস্থিতিতে জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় পুনরায় চালুকরণ।**

কোভিড-১৯ মহামারি নিয়ন্ত্রণের জন্য বিশ্বব্যাপী বিদ্যালয়সমূহের ন্যায় বাংলাদেশেও প্রাথমিক বিদ্যালয়সমূহ বন্ধ রয়েছে। এর ফলে শ্রেণিশিক্ষা কার্যক্রমে ব্যাঘাতসহ শিশুর শিখন যোগ্যতার উপর নেতিবাচক প্রভাব পড়ছে। বিশেষ করে প্রান্তিক শিক্ষার্থীরা যত বেশি সময় বিদ্যালয়ের বাইরে থাকবে, তাদের বিদ্যালয়ে ফেরার সম্ভাবনা ততই কমে যাবে। তাই জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে যথাশীঘ্র বিদ্যালয় পুনরায় চালু করা অতীব জরুরী। বিদ্যালয় পুনরায় চালু করার পূর্বে পূর্ব প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণ করা আবশ্যক। এ লক্ষ্যে গত ৩ সেপ্টেম্বর ২০২০ তারিখ কোভিড-১৯ পরিস্থিতিতে জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় পুনরায় চালুর বিষয়ে একটি নির্দেশিকা প্রকাশ করা হয় এবং তদানুযায়ী কার্যক্রম গ্রহণ করার নির্দেশনা দেয়া হয়েছে।

২। চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা (স্লিপ) প্রণয়ন ও বাস্তবায়ন গাইডলাইনের আলোকে স্ব স্ব বিদ্যালয় নিজস্ব পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন অব্যাহত রয়েছে। বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে উক্ত গাইডলাইনের আলোকে বিদ্যালয় পুনরায় চালু করার পূর্বে পূর্ব প্রস্তুতিমূলক বিবিধ কার্যক্রম গ্রহণ করতে হবে। এ প্রেক্ষিতে বিদ্যালয় পর্যায়ে স্লিপ বরাদ্দকৃত ফান্ড দ্বারা অগ্রাধিকারভিত্তিতে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা যাবে:

ক) ক্লাসরুমসহ বিদ্যালয়ের পুরো আঙ্গিনা সর্বদা পরিস্কার-পরিচ্ছন্ন রাখা এবং জীবাণু মুক্ত করা;

খ) বিদ্যালয়ের সমস্ত আসবাবপত্র সার্বক্ষণিকভাবে পরিস্কার-পরিচ্ছন্ন রাখা এবং জীবাণু মুক্ত করা;

গ) শরীরের তাপমাত্রা পরিমাপক যন্ত্র 'ইনফ্রারেড থার্মোমিটার' স্থানীয়ভাবে ক্রয়;

ঘ) সাবান, ব্লিচিং পাউডার, ইত্যাদি ক্রয়;

ঙ) ওয়াশব্লক ও টয়লেট সার্বক্ষণিক পরিস্কার-পরিচ্ছন্ন রাখা;

চ) মগ, জগ ও বালতি ক্রয়;

ছ) অস্থায়ীভাবে হাত ধোয়ার স্থান নির্ধারণ করে হাত ধোয়ার পানি ও পানি নিস্কাশনের ব্যবস্থা করা;

জ) পরিস্কার-পরিচ্ছন্নতার জন্য শ্রমিকের যৌক্তিক সেবা ক্রয় (প্রযোজ্য ক্ষেত্রে);

ঝ) কোভিড-১৯ মেয়াদকালে ইন্টারনেট ডাটা ক্রয় (এ খাতে বরাদ্দ না থাকলে)।

(চলমান পাতা)

৩। বিদ্যালয়ে বরাদ্দকৃত স্লিপ ফান্ড থেকে অগ্রাধিকারভিত্তিতে স্থানীয়ভাবে সাশ্রয়ী মূল্যে উপরে বর্ণিত সামগ্রী/সেবা ক্রয়/সংগ্রহ করা যাবে।

৪। কোভিড-১৯ পরিস্থিতিতে জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় পুনরায় চালুর নির্দেশিকার আলোকে স্ব স্ব বিদ্যালয় স্থানীয়ভাবে প্ল্যান গ্রহণ করে তা যথাযথভাবে বাস্তবায়ন করবে।

৫। বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা (স্লিপ) প্রণয়ন ও বাস্তবায়ন গাইডলাইনের অনুবৃত্তিক্রমে এ পরিপত্র জারী করা হলো এবং তা উক্ত গাইডলাইনের অংশ হিসেবে গণ্য হবে।

৬। উপর্যুক্ত ব্যয়ের ক্ষেত্রে সরকারের প্রচলিত আর্থিক বিধি-বিধান অবশ্যই প্রতিপালন করতে হবে।

৭। পুনরাদেশ না দেয়া পর্যন্ত এ পরিপত্র বলবৎ থাকবে।

স্বাক্ষরিত/-
২৩/০৯/২০২০
(মো: আকরাম-আল-হোসেন)
সিনিয়র সচিব

স্মারক নং ৩৮.০০.০০০০.০১৪.১৪.২০৯.২০-৪৬

তারিখ: ০৮ আশ্বিন ১৪২৭ / ২৩ সেপ্টেম্বর ২০২০

**বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
২. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত মহাপরিচালক, পিইডিপি৪, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৪. যুগ্ম-সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. পরিচালক (প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/পলিসি এন্ড অপারেশন/পরিবীক্ষণ ও মূল্যায়ন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৬. জেলা প্রশাসক (সকল)।
৭. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/সিলেট/রাজশাহী/রংপুর/বরিশাল/ময়মনসিংহ।
৮. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৯. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
১০. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।
১১. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
১২. উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।
১৩. উপজেলা/থানা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

২৭/০৯/২০২০

(মো: আশিক নূর)
সিনিয়র সহকারী প্রধান

**অনুলিপি:**

১. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।